



ভেড়ামারা সরকারি কলেজ

Bheramara Government College

ভেড়ামারা, কুষ্টিয়া।

bheramara.college.gov.bd

ইতিহাস

ভেড়ামারা সরকারি কলেজটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর হতে ১ জুলাই, ১৯৬৫ খ্রি. তারিখে উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম স্বীকৃতি লাভ করে। পরবর্তীতে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক ৫ আগস্ট, ১৯৭০ খ্রি. তারিখে বিএ, বিকম পর্যায়ে প্রথম অধিভুক্তি এবং ২৫ জুলাই, ১৯৭৬ খ্রি. তারিখে বিএসসি শাখার অধিভুক্তি লাভ করে। এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রমের প্রথম স্বীকৃতি লাভ করে ১০ জুলাই, ২০০৩ খ্রি. তারিখে। স্নাতক (সম্মান) পর্যায়ে ২০১২ সালে এবং স্নাতকোত্তর পর্যায়ে ২০১৭ সালে প্রথম অধিভুক্তি লাভ করে। বর্তমানে কলেজটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত।